বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা- ১৩৪৩
প্রশাসন অধিশাখা
**www.bpatc.gov.bd**

বিজ্ঞপ্তি নং-০৫.০১.২৬৭২.১২৫.১১.০১৬.১৫.৩১০

২০ চৈত্র ১৪৩০
তারিখঃ --------------------------
০৩ এপ্রিল ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদসমূহ পূরণের নিমিত্ত সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে http://bpatc.teletalk.com.bd এ অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১. | পরিসংখ্যান সহকারী<br>গ্রেড-১২ (১১,৩০০-২৭,৩০০)/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১(এক) | অন্যতম বিষয় হিসাবে পরিসংখ্যান/গণিতসহ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী এবং সেই সঙ্গে সংশিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা। | ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, কুমিল্লা, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, নোয়াখালী, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, নীলফামারী, যশোর, মাগুরা, নড়াইল, বাগেরহাট, ভোলা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ।<br><br>তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | কোষাধ্যক্ষ<br>গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০)/- | অনূর্ধ্ব ৩৫ বৎসর | ১(এক) | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। | |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)/- | অনূর্ধ্ব ৩০ বছর | ২(দুই) | (ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা উহার সমমানের সার্টিফিকেট।<br>(খ) মুদ্রাক্ষর গতিঃ (Nikosh BAN Font এ)<br>বাংলা-প্রতি মিনিটে সর্বনিম্ন- ২০ শব্দ<br>ইংরেজী- প্রতি মিনিটে সর্বনিম্ন- ২০ শব্দ | |
| ৪. | কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)/- | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৫(পাঁচ) | (ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা উহার সমমানের সার্টিফিকেট।<br>(খ) মুদ্রাক্ষর গতিঃ (Nikosh BAN Font এ)<br>বাংলা-প্রতি মিনিটে সর্বনিম্ন- ২০ শব্দ<br>ইংরেজী- প্রতি মিনিটে সর্বনিম্ন- ২০ শব্দ | |
| ৫. | সহকারী বাবুর্চি<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০)/- | অনূর্ধ্ব ৩০ বছর | ১(এক) | অষ্টম শ্রেণী পর্যন্ত লেখাপড়া এবং কোন খ্যাতনামা সংস্থার হোস্টেল অথবা কোন বেসরকারী প্রতিষ্ঠানে বা হোস্টেলে বা রেস্তোরায় রান্নার কাজে অবশ্যই ৩ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাজশাহী, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবানগঞ্জ, বগুড়া, দিনাজপুর, কুড়িগ্রাম, যশোর, ঝিনাইদহ, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ।<br><br>তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

১। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে উপর্যুক্ত সারণীর ক্রমিক নং ১,৩, ৪ ও ৫ -এর ক্ষেত্রে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৩০ (ত্রিশ) বছর তবে মুক্তিযোদ্ধা/শহীদ, মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার নাতি ও নাতনি এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বসয়সীমা সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর এবং ২ নং ক্রমিকের ক্ষেত্রে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৩৫ (পয়ত্রিশ) বছর হতে হবে। উল্লেখ্য বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২ জুন ২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং ০২মার্চ ২০১০ তারিখে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

i. এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

ii. অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ-এর ক্ষেত্রে-

(ক) বিশ্ববিদ্যালয় যে স্কেলে (৪ অথবা ৫) সিজিপিএ প্রদান করে সেই সিজিপিএ স্কেলকে ৮০% এর সমান নম্বর ধরতে হবে;

(খ) উক্ত নম্বরের অনুপাতে অর্জিত সিজিপিএ এর নম্বরকে শতকরা নম্বরে রূপান্তর করতে হবে;

(গ) উপরি-উক্ত পদ্ধতিতে রূপান্তরিত শতকরা নম্বরের ভিত্তিতে নিম্নরূপে বিভাগ/শ্রেণী নির্ধারণ করতে হবে :

| নিরূপিত নম্বর ব্যাপ্তি (শতকরা হারে) | সমতূল্য শ্রেণী/বিভাগ |
|---|---|
| ৬০% বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণী/বিভাগ |
| ৪৫% বা ততোধিক কিন্তু ৬০% এর কম | দ্বিতীয় শ্রেণী/বিভাগ |
| ৩৩% বা ততোধিক কিন্তু ৪৫% এর কম | তৃতীয় শ্রেণী/বিভাগ |

অর্থাৎ কোন বিশ্ববিদ্যালয় কর্তৃক ৪ অথবা ৫ স্কেলে সিজিপিএ প্রদত্ত হয়ে থাকলে, উপরি-উক্ত (ii)(ক) ও (ii)(খ) অনুসারে শতকরা হার নিরূপণের জন্য নিম্নের

সূত্রটি ব্যবহার করতে হবে :

সূত্র : $\frac{\text{৮০}}{\text{বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুসৃত সিজিপিএ স্কেল (ক্ষেত্রমত, ৪,বা ৫)}} \times$ অর্জিত সিজিপিএ = অর্জিত শতকরা নম্বর

৩। **অনলাইনে আবেদনের নিয়মাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bpatc.teletalk.com.bdএই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

অনলাইন-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়:..০৪/০৪/২০২৪.., **সকাল- ১০:০০ টা।**

অনলাইন-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ...২৫/০৪/২০২৪.... **বিকাল- ০৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইন-এ আবেদনপত্র দাখিল-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. অনলাইন আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন-এ আবেদনপত্র দাখিল করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী অনলাইন-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: অনলাইন-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর আপলোড করে আবেদনপত্র দাখিল করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র দাখিল সম্পন্ন করা প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী ডাউনলোডপূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ১-৪ নং পদের জন্য নিয়োগ পরীক্ষার ফিস বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩.০০ টাকা, মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ৫নং পদের জন্য নিয়োগ পরীক্ষার ফিস বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকা, মোট ১১২/- (একশত বার ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা প্রদান করবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইন-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে দাখিল করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: **BPATC<space>User ID** লিখে 16222 নম্বরে প্রেরণ করতে হবে।

Example: **BPATC ABCDEF**

Reply: Applicant's Name, Tk-223/- or 112/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BPATC<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **BPATC<space>Yes<space>PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **BPATC YES 12345678**

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for BPATC Application for the post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bpatc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

ছ. প্রার্থী SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে প্রবেশপত্র ডাউনলোড পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। উক্ত প্রবেশপত্রটি লিখিত ও মৌখিক পরীক্ষায় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **BPATC**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: **BPATC Help User ABCDEF** & send to 16222

(ii) PIN Number জানা থাকলে: **BPATC**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.

Example: BPATC Help PIN 12345678 & send to 16222.

৬। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

৭। প্রার্থী যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার /মেয়র/কাউন্সিলর কিংবা সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

৮। মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র প্রদান করতে হবে।

৯। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান /সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১০। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত প্রমাণকের মূলকপি মৌখিক পরীক্ষার সময়ে প্রদর্শন ও সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১২। লিখিত, মৌখিক ও প্রযোজ্যক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। লিখিত, প্রযোজ্যক্ষেত্রে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচি এসএমএস এর মাধ্যমে প্রার্থীকে জানানো হবে।

১৪। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর নিজস্ব ওয়েবসাইটে www.bpatc.gov.bd অথবা রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

১৬। অনলাইন-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে, alljobs.query@teletalk.com.bd অথবা **diradmin@bpatc.gov.bd** এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: BPATC, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

**ডিক্লারেশন:** প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর QR Code

টেলিটক জব পোর্টালের QR Code

০৭/৪/২০২৪

(মোহাম্মদ রাফিকুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বিপিএটিসি, সাভার, ঢাকা
ফোন: ০২-২২২৪৪৪৫০২৩
ই-মেইল: diradmin@bpatc.gov.bd